JAN. 31 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

সিলেটে প্রাথমিক শিক্ষার হালচাল

# স্কুলের খাতায় ছাত্রের সংখ্যা আর বাস্তব চিত্র ভিন্ন

হুমায়ুন রশিদ চৌধুরী ॥ শিক্ষার অনগ্রসর সিলেট বিভাগের বিভিন্নস্থানের প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিশু ভর্তির সংখ্যা বৃদ্ধির দাবী করা হইলেও সময়মত ছাত্র-ছাত্রীদের হাতে নূতন বই পৌছায় নাই। সিলেট বিভাগের সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার চিত্র প্রায় অভিন্ন। ছাত্র-ছাত্রীদের হাতে সময়মত বই না পৌছায় এলাকায় তীব্র অসন্তোষ ও প্রতিবাদ অব্যাহত রহিয়াছে। সিলেট জেলার ১১টি উপজেলায় প্রায় দুই হাজার প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান রহিয়াছে। সিলেট জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের জরিপ অনুযায়ী ১১টি উপজেলায় বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ৩ লক্ষ ৮৯ হাজার ৬৭৯। ইহার মধ্যে ৩ লক্ষ ৭২ হাজার ৫৬ জন বিদ্যালয়ে ভর্তি রহিয়াছে। বিভিন্ন এনজিও পরিচালিত (১৩শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সিলেটে প্রাথমিক

(৩য় পৃঃ পর)

প্রতিষ্ঠানে ৯ হাজার ৩২৪ জন শিশু ভর্তি হইয়াছে। সংশ্লিষ্ট বিভাগের তথ্য অনুযায়ী সিলেট জেলায় ৮ হাজার ৩০৯ জন এখনও বিদ্যালয়ে পড়াশুনা করে না। এলাকায় গণসচেতনতার কারণে প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিশু ভর্তির হার বৃদ্ধি পাইয়াছে। সিলেটের চারটি জেলায়ই এই ধরনের ভর্তির জরিপকে অনেকেই 'বুক ফিগার' বলিয়া মন্তব্য করিয়াছেন। গ্রামাঞ্চলে শিশুদের নাম স্কুলের খাতায় থাকিলেও অধিকাংশই কৃষিকাজে, মুদির দোকানে পরিবারের অভিভাবকদের সহায়তা দিয়া থাকে। প্রথমে স্কুলে শিশুরা ভর্তি হইলেও শেষ পর্যন্ত নানা কারণে আর যায় না। অনেকেই শিশু-কিশোর বয়সেই অর্থ উপার্জনে লাগিয়া যায়। শেষ পর্যন্ত এই শিশুরাই একসময় বিদেশমুখী হইয়া উঠে।

সিলেট জেলায় প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান রহিয়াছে এক হাজার ৯৮০টি। এইগুলিকে ১১টি ক্যাটাগরীতে ভাগ করা হইয়াছে। ইহার মধ্যে ১ হাজার ৬৯টি সরকারী, রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয় ১৮০টি, আনরেজিষ্টার্ড ৫০টি, কিন্ডারগার্টেন ৫০টি, পিটিআই সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় ১টি, উচ্চ বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় ২২টি, এবতেদায়ী মাদ্রাসা ৫৪টি, উচ্চ মাদ্রাসা সংলগ্ন এবতেদায়ী ৪২টি, কমিউনিটি স্কুল ৮৮টি, স্যাটেলাইট স্কুল ১২৮টি এবং এনজিও ব্যুরো পরিচালিত পূর্ণাঙ্গ বিদ্যালয় ২০টি।

এদিকে সময়মত ছাত্র-ছাত্রীদের হাতে বই না পৌছার কারণে সিলেটের বিভিন্ন রাজনৈতিক সংগঠন ও বিশিষ্ট ব্যক্তি তীব্র অসন্তোষ প্রকাশ করিয়াছেন। সিলেট জেলা প্রাথমিক শিক্ষা অফিস দাবী করিয়াছে, ১১টি উপজেলার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে সন্তোষজনক সরবরাহের মধ্যদিয়া ডিসেম্বর মাসের শেষ দিকে ছাত্র-ছাত্রীদের মধ্যে বই বিতরণ শুরু হইয়াছে।